



সাতক্ষীরা পৌরসভা

সাতক্ষীরা

http://pourashava.satkhira.gov.bd

নং- ৪৬.০০.৮৭৬৬.০০১.২২.০০১.২২- ৫৮ (৩)

তারিখ: ০৬.০২.২০১৪ খ্রি:



“শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন”




অফিস আদেশ

স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ পৌর-২ শাখা কর্তৃক গত ৩০/০৬/১৯৯৮ খ্রি: তারিখে পৌর-২/পরি-৩/৯৮/৯৬১৯১৬২) নং স্মারকে জারিকৃত পরিপত্র অনুযায়ী ২/১ টি (সুইপার, মৌলভী ও মালী) পদ ব্যতীত পৌরসভার সাংগঠনিক কাঠামোভুক্ত কোনো পদে কিংবা অন্য কোনরূপে মাস্টাররোল কর্মচারী নিয়োগ সম্পূর্ণ নিষিদ্ধ। কিন্তু বিভিন্ন সময়ে বিভিন্ন কর্মচারী অবসরে যাওয়ার কারণে জনবল সংকট থাকায় এবং নাগরিক সেবা সচল রাখার লক্ষ্যে এ কার্যালয়ে কিছু মাস্টাররোল কর্মচারী কর্মরত রয়েছে। কিন্তু সম্প্রতি কিছু পরিষদ সদস্য ও কর্মকর্তার দৃষ্টিগোচর হয়েছে যে, মাস্টাররোল কর্মচারীরা দায়িত্বে অবহেলা ও শৃঙ্খলা পরিপন্থী কাজ করে চলেছে। এ প্রেক্ষিতে পৌরসভায় কাজের গতি ও শৃঙ্খলা আনয়নের লক্ষ্যে দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীগণকে নিম্নলিখিত নির্দেশনা মেনে চলার জন্য আদেশ প্রদান করা হল :

- ১। কর্তৃপক্ষের বীনা অনুমতিতে দৈনিক হাজিরা ভিত্তিক কোনো কর্মচারী অফিস চলাকালীন অর্থাৎ সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত (কর মূল্যায়ন কাজ ব্যতীত) অন্য কোনো কাজে পৌরসভার প্রধান ফটক পার হতে পারবে না।
- ২। সকল দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীকে অফিসের আইডি কার্ড ক্ষেত্র বিশেষে বিশেষ পোশাক পরিধান করতে হবে।
- ৩। প্রত্যেক দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীকে শাখা প্রধানের নিকট তার উপর অর্পিত কাজের জবাবদিহি করতে হবে।
- ৪। পৌর পরিষদ ও পৌর প্রশাসনের সমন্বয়ের মাধ্যমে দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের কর্মবন্টন হয়ে থাকে বিধায় দায়িত্ব পরিবর্তনের জন্য তদবির করা অসদাচরণ হিসেবে গন্য হবে।
- ৫। দৈনিক হাজিরাভিত্তিক কোনো কর্মচারী অফিস চলাকালীন অর্থাৎ সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত চায়ের দোকান, পানের দোকান সহ দায়িত্বে অবহেলা করে অন্য কোথাও অবস্থান করলে তার বেতন কর্তন করা হবে ক্ষেত্র বিশেষে অপরাধের মাত্রা বিবেচনায় চাকুরীচ্যুত করা হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


০২/০২/১৪

(কাজী ফিরোজ হাসান)

মেয়র(ভারপ্রাপ্ত)

সাতক্ষীরা পৌরসভা, সাতক্ষীরা।

অনুলিপি : অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

- ১। পৌর নির্বাহী কর্মকর্তা, সাতক্ষীরা পৌরসভা।
- ২। নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পৌরসভা।
- ৩। সকল শাখা প্রধান (এ আদেশের ব্যত্যয় হলে ব্যবস্থা গ্রহণের নির্দেশনা সহকারে)।
- ৪। স্যানিটারি ইন্সপেক্টর, সাতক্ষীরা পৌরসভা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫। অফিস কপি।


(নাজিম উদ্দীন)

সিনিয়র সহকারী সচিব (সিইও)

সাতক্ষীরা পৌরসভা, সাতক্ষীরা।

“দেশ প্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন”